



রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম

অধ্যক্ষের কার্যালয়

কলেজ কোড: জা: বি: ৪৩২১, চ: বোর্ড: ৩৫২৫

Website: www.ranguniacollege.edu.bd / Email: info@ranguniacollege.edu.bd

চট্টগ্রাম : ৪৩৬০

স্থাপিত : ১৯৬৩

Chittagong : 4360

Established : 1963



নং- ২০১৮/০৩৮

তারিখ : ২১/০৫/২০১৮খ্রি.


২০১৭-১৮ শিক্ষাবর্ষের অনার্স কোর্স ১ম বর্ষের (নিয়মিত/অনিয়মিত গ্রেড উন্নয়ন) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

২০১৭-১৮ শিক্ষাবর্ষের (অনার্স) কোর্সের নিয়মিত, ২০১৬-১৭, ২০১৫-১৬, ও ২০১৪-১৫ অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted পরীক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত পরীক্ষায় অংশ গ্রহণ করতে ইচ্ছুক ১ম বর্ষের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরম পূরণে শিক্ষার্থীদের করণীয় বিষয় নিম্নে প্রদান করা হলঃ

- ১। আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/honours)- এ গিয়ে স্ব-স্ব রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং বিশ্ববিদ্যালয় পরীক্ষার ফি উল্লেখ থাকবে।
- ২। প্রত্যেক পরীক্ষার্থীকে সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।
- ৩। আবেদন ফরমে বিষয়কোড সর্তকতার সঠিকভাবে এন্ট্রি দিতে হবে কোন অবস্থাতেই ভুল করা যাবে না। যদি ভুল হয় তার জন্য কলেজ বা বিশ্ববিদ্যালয়কে দায়ী করা যাবে না।
- ৪। ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে ২টি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সহ নিম্নলিখিত শিক্ষকদের নিকট অবশ্যই জমা দিতে হবে।
- ৫। কলেজের সকল পাওনা ও বিশ্ববিদ্যালয়ের ফি কলেজ অফিস থেকে রসিদ সংগ্রহ করে ২২/০৫/২০১৮ থেকে ৩১/০৫/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (শুক্রবার ও শনিবার ব্যতিত) বাংলাদেশ কৃষি ব্যাংক, রাংগুনিয়া কলেজ শাখায় জমা পূর্বক রসিদের পিচনে কলেজ লাইব্রেরীর অনাপত্তি গ্রহণ করতে হবে।
- ৫। ব্যাংকে টাকা জমা দেয়ার রসিদ প্রদর্শন পূর্বক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা আবেদন ফরম ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ২৩/০৫/২০১৮ হতে ৩১/০৫/২০১৮ তারিখ সকাল ১০টা থেকে ১টার মধ্যে নিম্নলিখিত শিক্ষকদের নিকট জমা দিতে হবে।
 ০১. অধ্যাপক এন. কে. এম. শাহারিয়ার, বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ। রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের সকল শিক্ষার্থী।
 ০২. অধ্যাপক মো. জাহেদুল আলম, বিভাগীয় প্রধান ব্যবস্থাপনা বিভাগ। ব্যবস্থাপনা বিষয়ের সকল শিক্ষার্থী।

নির্দিষ্ট সময়ের মধ্যে উল্লিখিত কার্যাদি সম্পাদনে ব্যর্থ হলে, যদি কোন শিক্ষার্থী অংশ গ্রহণ না করতে পারে তার জন্য কলেজকে দায়ী করা যাবে না। ছাত্র-ছাত্রী নিজেরাই দায়ী থাকবে।

বিষয়টি খুবই জরুরী।


(মোহাম্মদ আবু ইউসুফ)
অধ্যক্ষ

রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম।

মোহাম্মদ আবু ইউসুফ
অধ্যক্ষ
রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম